R. N. No. 2532/57　Phone No. 66-228, STD 03483　Regd. No.—WB/MSD—4

V. I. P.
ALFA স্যুটকেস
এখন তিন বছরের
গ্যারান্টিতে পাচ্ছেন
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
ফোন : ৬৬০৯৩

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

উপহারে দেবেন
বাড়ীর ব্যবহারে নেবেন
হকিন্স প্রেসার কুকার
সব থেকে বিক্রী বেশি
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
দুলুর দোকান
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

৮২শ বর্ষ
৪৫শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ২০শে চৈত্র বুধবার, ১৪০২ সাল।
৩রা এপ্রিল, ১৯৯৬ সাল।
নগদ মূল্য : ৭৫ পয়সা
বার্ষিক ৩০ টাকা

### আসন্ন লোকসভা ও বিধানসভা নির্বাচন :

## প্রচার যুদ্ধে বামফ্রণ্ট অনেক এগিয়ে

রাজনৈতিক প্রতিবেদক : ফরাক্কা অরঙ্গাবাদে বাম বিধায়ক আবুল হাসনাৎ ও তোয়াব আলী জনমনে যে শক্ত আসন গেড়েছেন তা থেকে তাঁদের সড়ানো কংগ্রেসের পক্ষে সুকঠিন। একমাত্র জঙ্গিপুর আসনটিতে কংগ্রেসের অবস্থা মন্দের ভাল। তবুও এই ক'বছরে হবিবুরের শক্ত ঘাঁটি সেকেন্দ্রার ১৭টি ও ইছাখালির ২টি বুথ বামদল শক্তভাবে কব্জা করায় কংগ্রেস সেই কটিকে সন্ত্রাস কবলিত অঞ্চল বলে ঘোষণার দাবী জানিয়েছে এবং কেন্দ্রীয় নির্বাচন কমিশনেও এ ব্যাপারে জরুরী বার্তা পাঠিয়েছে। গত গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ নির্বাচনে সিপিএমের দখলে ছিল ২৫টি গ্রাম পঞ্চায়েত, ৩টি পঞ্চায়েত সমিতি ও ১টি জেলা পরিষদ আসন। এমনভাবে তাঁরা তা কবলিত করেছিলেন যে কংগ্রেস লড়াই তো দূরের কথা, প্রার্থী দিতেই পারেনি। সাধারণ নির্বাচনে যদি ঐ অঞ্চল কটি সিপিএমের কবল মুক্ত করতে না পারা যায় তবে কংগ্রেসের পক্ষে জয়ী হওয়া আকাশ কুসুম হয়ে দাঁড়াবে। তার উপর ধনপতনগর, লালখাঁরদিয়ার প্রভৃতি গ্রামগুলিতে বহু সংখ্যক চাঁইয়ের বাস। তাঁরা বরাবরই কংগ্রেস সমর্থক বলে জানা আছে। কিন্তু এ বছর চাঁইরা তাদের জাতিকে তপশীলী ঘোষণা না করার প্রতিবাদে ভোট বয়কটের সিদ্ধান্ত নিয়েছেন। এর ফলে কংগ্রেসের দুর্যোগ আরও ঘনীভূত বলে মনে হচ্ছে। তবে হবিবুর রহমান যোদ্ধা হিসাবে কম যান না। কিন্তু এই সব নানা অসুবিধা কাটিয়ে উঠে নির্বাচন যুদ্ধে জবরদস্ত প্রতিদ্বন্দ্বী আবদুল হককে হারানো খুব সহজ হবে বলে মনে হয় না। জঙ্গিপুর লোকসভা কেন্দ্রে কংগ্রেসের প্রার্থীদের মধ্যে এখনও কয়েকটি নাম শোনা যাচ্ছে। গত ৯—১২ মার্চ রঞ্জন ভট্টাচার্য্য গোটা জঙ্গিপুর মহকুমা চষে গেলেন। তিনি মহকুমার বড় বড় কংগ্রেসী নেতাদের সঙ্গে এবং শতাধিক বুথ কমিটির সদস্যদের সঙ্গে আলোচনা করে গেছেন। তাই সবদিক বিবেচনা করলে এটাই মনে করতে হয় যে এই মহকুমায় বামফ্রন্ট অনেকটা এগিয়ে রয়েছে কংগ্রেসের চেয়ে। অপর দিকে প্রশাসনিক সূত্রে জানা যায় নির্বাচন সুষ্ঠুভাবে পালনের জন্য প্রশাসনিক তৎপরতা চলছে পুরোদমে। পুলিশের অভাবে স্থানীয় অস্থায়ী পুলিশ ক্যাম্পগুলি বন্ধ করে পুলিশের যোগান ঠিক রাখার চেষ্টা চলছে। অসামাজিক দুষ্কৃতিদের তালিকা তৈরী করে নির্বাচনের পূর্বেই তাদেরকে পুলিশ হফাজতে রাখা হচ্ছে। রিটার্নিং অফিসগুলিতেও কর্মীরা কর্মব্যস্ত রয়েছেন। আজ ৩ এপ্রিল মনোনয়ন পত্র জমা দেবার (শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## কয়লা বোঝাই ট্রাকসহ বোট ডুবিতে একজনের মৃত্যু

জঙ্গিপুর : গত ২৭ মার্চ রাত প্রায় ১টার সময় পনর টন কয়লা বোঝাই একটি ট্রাক বোটে গঙ্গা পার হবার সময় অতিরিক্ত ভারের জন্য জলে ডুবে যায়। বোটটি উলটিয়ে ডুবন্ত ট্রাকের উপর ঢাকা অবস্থায় ডুবে যায়। বোটে পার হওয়া জনৈক যাত্রী জঙ্গিপুরের বৃন্দাবন ঘোষও ডুবে যান। তিনি উমরপুরে তাঁর দাদার হোটেল থেকে কাজ সেরে বাড়ী ফিরছিলেন। প্রায় ৪ দিন পর ৪টি ক্রেন এনে বোট ও ট্রাকটিকে জল থেকে তোলা হয়। ডুবে যাওয়া বৃন্দাবনের মৃতদেহটি গত ৩০ মার্চ জিয়াগঞ্জ ঘাট থেকে উদ্ধার করা হয় বলে খবর।

## প্রশ্নপত্র ফাঁস হওয়ায় পরীক্ষা বাতিল

ফরাক্কা : সম্প্রতি বার্ষিক পরীক্ষা হয়ে যাওয়ার পর নয়নসুখ উচ্চ বিদ্যালয় কর্তৃক প্রশ্নপত্র ফাঁস হবার অভিযোগে পঞ্চম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নিলেন। খবর নয়নসুখ স্কুল ও পার্শ্ববর্তী ব্রাহ্মণগ্রাম স্বর্ণময়ী জুনিয়ার বালিকা বিদ্যালয় একই সংস্থা থেকে তৈরী প্রশ্নপত্র কিনে পরীক্ষার ব্যবস্থা করে। কিন্তু বালিকা বিদ্যালয়টি সংস্থার সূচী না মেনে আগেই পরীক্ষা শুরু ও শেষ করে। উভয় স্কুলের প্রশ্নপত্র যে এক তা কয়েকজন অভিভাবকের কাছে ধরা পড়ায় তাঁরা ২২ মার্চ নয়নসুখ স্কুলে যান। কর্তৃপক্ষ ঘটনার কার্য্যকারণ বুঝতে পেরে ছাত্রছাত্রীদের স্বার্থে এবং স্কুলের সুনাম রক্ষায় পরীক্ষা বাতিল করে দেন ও ২৫ মার্চ থেকে পুনরায় ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## গৃহ শিক্ষক নাবালিকা ছাত্রীকে নিয়ে ফেরার

জঙ্গিপুর : গত ২২ মার্চ তেঘরী স্বাস্থ্যকেন্দ্রের ড্রাইভার বদ্রীপ্রসাদ রায়ের নাবালিকা কন্যা সরোজা রায়কে (১৫) নিয়ে গৃহশিক্ষক ফেরার হয়েছেন বলে অভিযোগ উঠেছে। মেয়েটি এ বছর মাধ্যমিক পরীক্ষা দিয়েছে। বিভিন্ন জায়গায় খোঁজ খবর করে মেয়েকে না পেয়ে বদ্রীপ্রসাদ রঘুনাথগঞ্জ থানায় গৃহশিক্ষক তুষারকান্তি সিংহরায় ওরফে বাপির বিরুদ্ধে, নাবালিকা কন্যাকে ফুঁসলিয়ে নিয়ে পালিয়ে যাবার অভিযোগ দায়ের করেন গত ২৭ মার্চ। পুলিশ ২৮ মার্চ বাপীর বাড়ীতে গিয়ে তাঁর হদিশ না পেয়ে সাহায্যকারী হিসাবে তাঁর দুই দাদা অম্বুজ ও অসিতকে গ্রেপ্তার করে কোর্টে চালান দেয়। জঙ্গিপুর এসডিজেএম কোর্ট গত ২৯ মার্চ তাঁদের জামিন না মঞ্জুর করেন।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৩০শে চৈত্র বুধবার, ১৪০২ সাল।

## ভোটপর্ব রঙ্গ—২

যখন সারাদেশে লোকসভা ও কিছু রাজ্যে বিধানসভা নির্বাচনের মনোনয়নপত্র দাখিল করার হিড়িক চলিয়াছে, তখনও অর্থাৎ এই নিবন্ধ লিখিবার সময় পর্যন্ত এই রাজ্যে কংগ্রেস (ই) গোষ্ঠীদ্বন্দ্ব সমানে চলিয়াছে। বস্তুতঃ এই দল প্রার্থী বাছাই ব্যাপারে একটা সুষ্ঠু ঐকমত্যে এখনও পৌঁছাইতে পারে নাই। 'কোর গ্রুপ' ও স্ক্রিনিং কমিটি সব রসাতলে চলিয়াছে। দলীয় হাই-কম্যাণ্ড তিতবিরক্ত। প্রধানমন্ত্রী নাকি বিরক্ত ও বিব্রত। তাই তিনি নির্দেশ দিয়াছেন যে, রাজ্যের নেতারা তাঁহাদের সুপারিশ করা প্রার্থীদের নাম যেন এ আই সি সি দপ্তরে পেশ করেন। যাহা করিবার তখন করা হইবে। খবরে জানা যায় যে, প্রার্থী-তালিকা তৈয়ারী করিতে হাইকম্যাণ্ডই যাহা করণীয় করিবেন ; সোমেন-মমতা এখন ঐক্যবদ্ধ হউন।

রাজ্য কং (ই)-র গোষ্ঠীদ্বন্দ্ব মূলতঃ দুইটি শিবিরের মধ্যে। একটি প্রদেশ কংগ্রেস সভাপতির শিবির, অপরটি যুব কং (ই) নেত্রীর। একজনের সাংগঠনিক ক্ষমতা যথেষ্ট, অপরজনের তৃণমূলস্তর পর্যন্ত বিরাট জনপ্রিয়তা—যে জনপ্রিয়তার প্রমাণ বহুভাবে পাওয়া গিয়াছে। এই রাজ্যে বামফ্রন্ট অপশাসনের ( কং ই মতে ) নাকি এক সময় মৃত্যুঘন্টা বাজান হইয়াছিল। তথাকথিত ঘোষণায় প্রচুর হাততালি পড়িয়াছিল ; দিকে দিকে প্রশস্তি শ্রুত হইয়াছিল। জন মনে নাকি অনেক আশা জাগিয়াছিল। কাজের সময় যখন আসিল, তখন দেখা গেল যে, নিজেদেরই মৃত্যুঘন্টা বাজিতে চলিয়াছে। দুই শিবিরের কাজিয়া তুঙ্গে, যাহার জন্য হাইকম্যাণ্ড আজ বিব্রত। আর এই রাজ্যে কং (ই) দলের 'পারফরম্যান্স' বিষয়ে মানুষ নিশ্চিন্ত হইয়াছেন। অকংগ্রেসী দলসমূহ এই সুযোগের সদ্ব্যবহার করিতে তৎপর হইবে, সন্দেহ নাই। বিশেষতঃ সি পি এম দল এমনই সুসংগঠিত ও সুসংহত যে, আলিমুদ্দিন দুর্গ হানা দিবার ক্ষমতা এই গোষ্ঠীদীর্ণ ও কলহপরায়ণ রাজ্য কং (ই) দলের নাই।

পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে বর্তমানে শাসন ক্ষমতায় অধিষ্ঠিত দল, বিশেষতঃ সংখ্যাগরিষ্ঠ সিপিএম দল, যাহাতে পুনরায় শাসন ক্ষমতায় বহাল থাকিতে পারে, তাহার জন্য সর্বপ্রকার প্রচেষ্টা চালাইতে থাকিবে। নির্বাচনী পরিস্থিতি এখন তাহাদের অনেকটা অনুকূল। লোকসভা ও বিধানসভার নির্বাচন দুই দিনে হওয়ায় দলীয় কর্মীদের নানা জায়গায় প্রেরণের সুবিধা হইবে। প্রধান বিরোধী দলের অন্তর্কলহ জনমনে বিরূপতার সঞ্চার করিবে এবং ইহাতে তাহারাই লাভবান হইবে। কলিকাতা ও হাওড়া শহরের উচ্ছেদ হওয়া বেআইনী খাটালের মালিকেরা ( প্রায় চার লক্ষ বিহারী ভোটার ) বিনা জরিমানাতেই গরু-মহিষ ফেরত পাইবার (খুবই সম্ভাবনা) দরুণ বামফ্রন্ট দলকে সমর্থন করিবেন। নির্বাচনের দিন ঘোষিত হইবার পরও রাজ্যের ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তরের আদেশবলে অনেকগুলি ক্লাব যে অনুদান পাইয়াছে, তাহার একটা শুভপরিণাম অর্থাৎ নির্বাচনে আনুকূল্য অবশ্যই আছে।


সুতরাং আসন্ন নির্বাচনে রাজ্য শাসকদল চারিদিকের আঁট-ঘাট বাঁধিয়া যে অগ্রসর হইতেছে, তাহার মোকাবিলা করার ক্ষমতা বোধ করি, কোন বিপক্ষ দলেরই নাই।

## আবার গেটবিহীন লেভেল ক্রশিং এ মালগাড়ী—লরী দুর্ঘটনায় মৃত ১

ফরাক্কা : গত ৩০ মার্চ সন্ধ্যে ৭-৪৫ মিঃ নাগাদ তিলডাঙ্গা ষ্টেশনের কাছে গেটবিহীন লেভেল ক্রসিং এ মালগাড়ীর সঙ্গে একটি শক্তিমান লরীর (নং ৩৫/০৫৭৮) সংঘর্ষে লরীর ড্রাইভার রণজীবন (৩৮) ঘটনাস্থলেই মারা যান। লরীর অপর তিনজন খালাসীও গুরুতরভাবে জখম হন। তাঁদের নিকটবর্তী এনটিপিসির টিটিএস হাসপাতালে পাঠানো হয়। উল্লেখ্য কয়েকদিন পূর্বে ধুলিয়ানের কাছে হাজারপুরে গেটবিহীন এক লেভেল ক্রসিং এ ট্রেন ম্যাটাডোর সংঘর্ষে কয়েকজন মারা যান। এই ঘটনায় ক্ষুব্ধ গ্রামবাসীরা তিলডাঙ্গার ঐ লেভেল ক্রসিং এ বিক্ষোভ দেখিয়ে বসে পড়ায় ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। পরে মালদা থেকে রেলের ডিভিশন্যাল ম্যানেজার এসে গেট করে দেবার প্রতিশ্রুতি দিলে অবস্থান তুলে নেওয়া হয় ও ট্রেন চলাচল স্বাভাবিক হয়।

### বাসন্তি পূজা উৎসব

অরঙ্গাবাদ : গত ২৬ থেকে ২৯ মার্চ ভারত সেবাশ্রম সংঘের স্থানীয় আশ্রমে মহাধূমধামে বিপুল উৎসাহের সঙ্গে উদ্‌যাপিত হল বাসন্তী পূজা উৎসব। প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানে বিশিষ্ট বক্তা ও শিল্পীরা উপস্থিত থাকেন। চারদিনই প্রচুর দর্শক সমাগম হয় এবং বিভিন্ন অনুষ্ঠান দেখে শ্রোতারা আনন্দ পান। ২৬ মার্চ সন্ধ্যায় রঘুনাথগঞ্জের রাবমঞ্চ সংগীত বিদ্যালয় নৃত্য ও সংগীতের একটি অনুষ্ঠান মঞ্চস্থ করেন। নৃত্যের অনুষ্ঠানটি সকলের দৃষ্টি আকর্ষণ করে।




### ॥ গণকৃত্য ॥

'ভোট প্রক্রিয়া হইয়াছে শুরু,
কর কর সবে সাজ।'
দলীয় অফিসে গর্জি উঠিলা প্রবীণ বঙ্গরাজ।
রাজ্যের সব দলীয় কর্মী পেয়েছিল কিছু ছুটি ;
আহ্বান শুনে তড়িঘড়ি করে ত্বরায়
আসিল জুটি।
অনুরাগী যত ভক্তের কুল টিকিট লাভের তরে
নম্বরী সব নেতাদের কাছে করযোড়ে
ভীড় করে।
দলের টিকিট কে পাবে, না পাবে, প্রত্যেকে
ভাবে তাই ;
যে-ই পাক, আর যে বা না পাক, প্রতিবাদ
কিছু নাই।
সুশৃঙ্খলা বরাবর আছে বঙ্গরাজের দলে ;
কুলীন অকুলীন সকল কর্মী ম্যাণ্ডেট
মেনে চলে।
'শোনো কমরেড বড় ছোটো যত,' কহেন
বঙ্গপ্রভু,
গুরুত্বে ভরা এবারের ভোট, ভুলিও না
কেহ কভু।
বন্দীমৃত্যু, ওয়াকফ আর শিলান্যাসের ধাপ্পা
এই রাজ্যের আমজনতাকে করিয়া তুলেছে
খাপ্পা।
হর্ষদ আর হাওলা জিগিরে করো সবে
কুপোকাৎ।
বিপক্ষদের পক্ষে আনিতে ঝরে মিঠেকড়া বাত।
তবু আশ্বাস মিলিয়াছে শোন, হয়ে সবে
একমন,
রিগিং-মুক্ত ভোট অসম্ভব বলিয়াছে কমিশন।
সুতরাং সবে হও তৎপর ভোটে জিতিবার তরে,
এবারেও যেন শাসনযন্ত্র থাকে আমাদের ঘরে।
ছবি-পরিচয়লিপি কিছু নয়, হও সবে
আগুয়ান,
গেল রসাতলে অতীত হুমকি আর যত
ফরমান।
পলিসি করিয়া কত না সুবিধা করিয়া
দিয়াছি আমি,
বিরোধীপক্ষে চলে খেয়োখেয়ি, যাবে না
আদৌ থামি।
মার্কিন দেশ হইতে আগত উহাদেরই এক চাঁই
বুড়ো কুরঙ্গ দিল্লী-বঙ্গ তোলপাড় করে যায়।
মোড়লি-মাতব্বরীর প্রয়াসে চালায়েছে
অভিযান ;
সে দলের কিছু কেষ্টবিষ্টু চায় না তাহার স্থান।
আবার কেহ বা তার প্রতি কিছু মমতা
দেখাতে চায়,
এই ইস্যুতেই দলের মধ্যে ঐক্য আদৌ নাই।
শুধু পশ্চিমবঙ্গ লাগিয়া 'কোর গ্রুপ' করে দল,
অচিরে দেখিবে তাদের দলের প্রার্থী-
বাছাই-ফল।
কত অনুকূল পরিবেশ পেলে ; কমরেড,
লেগে পড় ;
এ রাজ্যপাট আমাদেরই হবে,
পণ কর দৃঢ়তর।'

## গরগর পথ দুর্ঘটনায় পথ অবরোধ

দিবাকর ঘোষ, ফরাক্কা: গত ১২—১৫ মার্চ ফরাক্কার বল্লালপুরে জাতীয় সড়কের উপরে পরপর পথ দুর্ঘটনায় তিনজনের মৃত্যু হয় ও একজন মারাত্মকভাবে আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। সর্বশেষ ঘটনাটি ঘটে গত ১৫ মার্চ। ঐদিন স্থানীয় মাতাজুল সেখ (৫২) পথ পার হতে গেলে লরির ধাক্কায় প্রাণ হারান। জনসাধারণ পরপর চারদিন একই স্থানে দুর্ঘটনার আতঙ্কে ক্ষুব্ধ হয়ে পথ অবরোধ করে স্থায়ী ট্রাফিক কণ্ট্রোল এবং স্পিড ব্রেকার বসানোর দাবীতে। এর ফলে সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত ৩৪ নং জাতীয় সড়কে যান চলাচলে ব্যাঘাত ঘটে। ফরাক্কা ব্যারেজের স্কুল বাসগুলি একঘণ্টা দেরীতে পরীক্ষা কেন্দ্রে গিয়ে পৌঁছায়। খুনী লরিটি ধরা পড়লেও চালক পালিয়ে যায়। অবরোধ চলাকালীন স্থানীয় প্রশাসন বিরাট পুলিশ বাহিনী নিয়ে অবরোধ হটাতে গেলে উত্তেজনা দেখা দেয়। অবশেষে প্রশাসনের প্রতিশ্রুতিতে বিক্ষোভ তুলে নেওয়া হয়। উল্লেখ্য বল্লালপুর মোড় এবং এনটিপিসি মোড়ে হামেশায় পথ পারাপারকারী জনসাধারণের প্রাণহানি ঘটছে। ঐ দুই মোড়ে মাঝে মাঝে বিক্ষুব্ধ জনতা পথ অববোধ করে থাকে। গত মাসেই এনটিপিসি মোড়ে এক মহিলার মৃত্যুকে কেন্দ্র করে পথ অবরোধ করা হয়। স্থানীয় প্রশাসন বারবার প্রতিশ্রুতি দেয় ট্রাফিক বসানোর। ঘণ্টা খানেকের মধ্যে দুই-তিন জন ট্রাফিক পুলিশকে দেখাও যায়। কিন্তু কয়েকদিন পর আবার সব উধাও হয়ে যায়।

### এনটিপিসিতে পাবলিক টেলিফোন বুথ চালু হলো

নবারুণ: সম্প্রতি এনটিপিসির পরিচালনায় ফিল্ড হোস্টেল কম্প্লেক্সে একটি পাবলিক টেলিফোন বুথ চালু হলো। জমি ক্ষতিগ্রস্তদের মধ্যে থেকে একজনকে এনটিপিসি কর্তৃপক্ষ নিযুক্ত করেন। উল্লেখ্য পূবারুণ কলোনীতেও এক বছর আগে একটি পাবলিক বুথ এনটিপিসি কর্তৃপক্ষ চালু করেন।

## বৈদ্যুতিকীকরণের দাবীতে মশাল মিছিল

বিশেষ সংবাদদাতা: গত ৭ মার্চ রঘুনাথগঞ্জ ১ ব্লকের জামুয়ার গ্রামে বৈদ্যুতিকীকরণের দাবীতে বিশাল এক মশাল মিছিল গ্রাম পরিক্রমা করে। মিছিলে দাবী উঠে জামুয়ার গ্রামে বিদ্যুৎ সংযোগ না দিলে সরকারের সঙ্গে গ্রামবাসীরা অসহযোগ করবেন। ১৯৮১ সাল থেকে ২ নং জামুয়ার অঞ্চলের প্রায় সব গ্রামেই বিদ্যুৎ সংযোগ হলেও জামুয়ার গ্রাম এখনও সম্পূর্ণ অন্ধকারে। এই মিছিলে শতশত শিক্ষিত ও অশিক্ষিত মানুষ যোগ দেন। মিছিল শেষে এক সভায় বক্তারা জানান তাঁরা দীর্ঘদিন এই নিয়ে দাবী জানিয়ে আসছেন। বিদ্যুৎ দপ্তরও বৈদ্যুতিকীকরণের দাবীর যৌক্তিকতা স্বীকার করেন, কিন্তু আজ পর্যন্ত কি কারণে জামুয়ার গ্রাম বৈদ্যুতিকীকরণ হচ্ছে না তা বলতে পারেন না। প্রত্যেক বক্তার কণ্ঠেই ক্ষোভ ফুটে ওঠে।

## আইকার্ড এর অনুষ্ঠানে প্রতিবন্ধীদের হুইলচেয়ার প্রভৃতি দেওয়া হলো

জঙ্গিপুর: গত ১৬ মার্চ স্থানীয় পিডাব্লুডি মাঠে আইকার্ড এর ব্যবস্থাপনায় এক অনুষ্ঠানে প্রতিবন্ধীদের হুইলচেয়ার, ক্রাচার প্রভৃতি সাহায্যকারী সরঞ্জাম বিতরণ করা কয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য কংগ্রেস নেতা দেবপ্রসাদ রায় এবং আইকার্ড এর রাজ্য সভাপতি অমিতাভ রায় চৌধুরী, বিধায়ক অতীশ সিংহ, প্রাক্তন বিধায়কদ্বয় হাবিবুর রহমান ও মোঃ সোহরাব, রঘুঃ ২ সভাপতি বিজয়ভুষণ সিংহ রায় প্রমুখ। ৩৫০ জন প্রতিবন্ধীকে বিভিন্ন সরঞ্জাম দেওয়া হয়।


### বাড়ী বিক্রয়

দরবেশপাড়ায় ভদ্র পরিবেশে তিন কাঠা জায়গার উপর দোতলা পাকা বাড়ী (প্রয়াত ডাঃ জে, এন রায়ের বাড়ী) বিক্রী হবে। যোগাযোগের স্থান শ্রীসমীর পণ্ডিত, নিউ পণ্ডিত ষ্টেশনার্স, রঘুনাথগঞ্জ।


### জায়গা ও ঘর বিক্রয়

রঘুনাথগঞ্জে ফুলতলায় প্রধান রাস্তার ধারে তিন শতক জায়গাসহ একখানা ঘর ফাঁকা অবস্থায় বিক্রয় হইবে। যোগাযোগ করুন।

শ্রীরমাপতি মণ্ডল
রেজেষ্ট্রী অফিসের নিকট
রঘুনাথগঞ্জ



বিস্ময়ের বিশ বছর!




১৯৭৫ সালে এন টি পি সি জন্ম নিল। দায়িত্ব – ঘটাতে হবে বিদ্যুৎ বিপ্লব! লোকে বলল, পারবে তো?

তারপর শুধু বিস্ময়ের পর বিস্ময়। একের পর এক দৈত্যাকার বিদ্যুৎকেন্দ্র স্থাপন। আজ এন টি পি সি মোট ১৬০৮৫ মেগাওয়াট – দেশের ২২ শতাংশ – বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার অধিকারী। আগামী ৭ বছরে আরো ১০০০০ মেগাওয়াট ক্ষমতা যোগ হলে এন টি পি সি'র স্থান হবে এশিয়ার সর্ববৃহৎ বিদ্যুৎ সংস্থাগুলির মধ্যে।

ফরাক্কা সুপার থার্মাল পাওয়ার প্রজেক্ট এই বিস্ময়কর যজ্ঞের অংশীদার, পূর্বভারতে বিদ্যুৎ বিপ্লবের পথিকৃৎ।

বিশ বর্ষ পূর্তিতে আমাদের অঙ্গীকার – দেশের অগ্রগতিতে যুগিয়ে যাব শক্তি। আর উৎকর্ষে অটল থেকে ঘটিয়ে যাব বিস্ময়ের পর বিস্ময়।

এনটিপিসি NTPC

ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন লিঃ
(ভারত সরকারের একটি উদ্যোগ)
ফরাক্কা সুপার থার্মাল পাওয়ার প্রজেক্ট

বিকাশের মাধ্যমে উৎকর্ষ

Campaign/NTPC/718

## টেলিফোনের কর্তাব্যক্তিরা দশ ঘণ্টা ধরে ঘেরাও

রঘুনাথগঞ্জ : গত ২ এপ্রিল স্থানীয় টেলিফোন অফিসে এ্যাঃ ইঞ্জিনীয়ার, ডিষ্ট্রিক্ট ইঞ্জিনীয়ার, এস ডি ও ( টেলি কমিউনিকেশন ), পি আর ও সহ অন্যান্য অফিসারদের গ্রাহক ও বামফ্রণ্টের রাজনৈতিক নেতারা টানা দশ ঘণ্টা ঘেরাও করে রাখেন। খবর দীর্ঘ দশদিন যাবৎ এই এলাকার এসটিডি লাইন অচল থাকায় লায়ন্স ক্লাব অব জঙ্গিপুর ও স্থানীয় গ্রাহকদের সকাল ১১টা থেকে ঘেরাও কর্মসূচীতে বামফ্রণ্টের স্থানীয় বিধায়ক, পুরপতি ও কমিশনাররা যোগ দেন। বিক্ষোভরত গ্রাহকরা টেলি কর্মচারীদের বেতন নেওয়াও সন্ধ্যে পর্যন্ত বন্ধ করে রাখেন। দীর্ঘক্ষণ উত্তপ্ত বাদানুবাদের পর বহরমপুর থেকে আগত টেলিফোনের কর্তাব্যক্তিরা, বিধায়ক আবদুল হক, পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য, কমিশনার গৌতম রুদ্র, আরএসপি নেতা প্রদীপ নন্দী, লায়ন্স ক্লাবের সদস্যরা ও বহু গ্রাহকদের উপস্থিতিতে আটচল্লিশ ঘণ্টার মধ্যে এসটিডি চালু, জঙ্গিপুর—বহরমপুর সরাসরি টেলি যোগাযোগ ( ভায়া জিয়াগঞ্জ না হয়ে ) একমাসের মধ্যে করা, এমারজেন্সি কল ( হাসপাতাল, থানা, ষ্টেশন, দমকল প্রভৃতি ) ফ্রি করার লিখিত প্রতিশ্রুতি দিলে রাত্রি নয়টায় ঘেরাও তুলে নেওয়া হয়। প্রতিশ্রুতি লঙ্ঘন করলে গ্রাহকরা স্থানীয় টেলিফোন অফিসে তালা ঝুলিয়ে দেবারও হুমকী দেন।

**পরীক্ষা বাতিল** ( ১ম পৃষ্ঠার পর )

নূতন করে পরীক্ষা নেওয়ার কথা ঘোষণা করেন। প্রধান শিক্ষক অভিভাবকদের জানান সংশ্লিষ্ট যে সংস্থা থেকে তাঁরা তৈরী করা প্রশ্নপত্র কেনেন সেই সংস্থা কর্তৃপক্ষকে জানিয়ে ছিলেন মহকুমার অন্য কোন স্কুলে তাঁদের প্রশ্নপত্রে পরীক্ষা হচ্ছে না।

**প্রচার যুদ্ধে বামফ্রণ্ট** ( ১ম পৃষ্ঠার পর )

শেষ দিনেও কংগ্রেস প্রার্থীদের নামের তালিকা না আসায় প্রার্থীরা নিজেরাই মনোনয়ন পত্র দাখিল করতে বাধ্য হলেন বলে জঙ্গিপুর বিধানসভার পূর্বতন প্রার্থী হবিবুর রহমান আমাদের প্রতিনিধিকে ক্ষোভের সঙ্গে জানান।

## দুই কৃষি আধিকারিকের বিদায় সম্বর্দ্ধনা

রঘুনাথগঞ্জ : সম্প্রতি স্থানীয় এ, ই, ও অফিসে মহকুমা কৃষি আধিকারিক সুনির্মল দাস ও কৃষি সম্প্রসারণ আধিকারিক, ১ নং রঘুনাথগঞ্জ সূর্য্যনারায়ণ হালদারকে মহকুমার এগ্রো ইমপুট ডিলারস এ্যাসোসিয়েশনের পক্ষ থেকে এক বিদায়ী সম্বর্দ্ধনা জ্ঞাপন করা হয়। এ্যাসোসিয়েশনের পক্ষে অজিত সরকারকে সভাপতি করে সভায় বিভিন্ন বক্তা বক্তব্য রাখেন। মহকুমা কৃষি আধিকারিক এবং কৃষি সম্প্রসারণ আধিকারিক হিসাবে নতুনভাবে কার্যভার গ্রহণ করলেন যথাক্রমে সামসুদ্দিন আহমেদ ও শিবেন দাস। বিদায়ী আধিকারিক সুনির্মলবাবু তাঁর বক্তব্যে ডিলারদের এরকম এক অনুষ্ঠান করার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, অন্যান্য বক্তারা তাঁকে যত গুণের অধিকারী বলে উল্লেখ করলেন, তিনি ততটা নন। সম্প্রসারণ আধিকারিক তাঁর বক্তব্যে বলেন, কার্যকালে তিনি সবার সহযোগিতা পেয়েছেন। তবে স্থানীয় ব্যবসায়ী রামকৃষ্ণ পালের বেআইনীভাবে মজুত করা সার তাঁকেই সীজ করতে হয়েছিল বলে বিদায়কালে তিনি দুঃখ প্রকাশ করেন। নতুন সম্প্রসারণ আধিকারিক কোন বক্তব্য না রাখতে চাইলেও নতুন কৃষি আধিকারিক এস, আহমেদ তাঁর বক্তব্যে বলেন, সার ব্যবসায়ীরা তাঁদের মুনাফার সীমা রেখে সার সরবরাহ ঠিক রাখলে তাঁর সহযোগিতা পাবেন। এলাকার চাহিদা অনুযায়ী ডিলারদের লাইসেন্স ঠিকমতোই তিনি দেবেন। এছাড়া ডিলারদের চাষবাসের ওষুধপত্র চাষীদের না দিয়ে চাষীদের এ ডি ও-র কাছে সরাসরি পাঠাবার জন্য অনুরোধ করেন। অনুষ্ঠান শেষে ডিলারস এ্যাসোসিয়েশনের পক্ষে জহরলাল চন্দ্র এবং মহঃ রবিকুল ইসলাম দুই বিদায়ী আধিকারিককে কিছু স্মারকদ্রব্য দিয়ে সম্মানিত করেন।


বিশেষ আকর্ষণ ঃ বিভিন্ন ডিজাইনের পছন্দ ও টেকসই কোবরা ছাপা শাড়ী।



আর কোথাও না গিয়ে
আমাদের এখানে অফুরন্ত
সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা
ষ্টিচ করার জন্য তসর থান,
কোরিয়াল, জামদানী জোড়,
পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ
পিওর সিল্কের প্রিণ্টেড
শাড়ীর নির্ভরযোগ্য
প্রতিষ্ঠান।
উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য
পরীক্ষা প্রার্থনীয়।

বাঘিড়া ননী এণ্ড সন্স
মির্জাপুর ॥ গনকর
ফোন নং ঃ গনকর ৬২০২৯

2 YEARS WARRANTY

Catch World Cup fever with
WEBEL NICCO TV

Dealer :
Bharat Electronics
Raghunathganj ✪ Phone : 66-321
Sengupta Elcetronics
Raghunathganj, Murshidabad

World AKAI Cup '96
Colour TV
Tokyo Japan

DEALER :
Bharat Electronics
Raghunathganj ॥ Phone : 66321


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।